দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 26 OCT 2002
পৃষ্ঠা ... ১৪ ... ৫

# রাবি ছাত্রীহলে আল হিকমার তৎপরতা ॥ সহকারী প্রক্টর জড়িত!

রাবি সংবাদদাতা ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্রীহলগুলোতে বহিরাগত আল হিকমা সংগঠনের তৎপরতা সম্পর্কে আরও চাঞ্চল্যকর তথ্য পাওয়া গেছে। ছাত্রীহলগুলোতে সংগঠনটিকে প্রতিষ্ঠিত করার তৎপরতায় বিশ্ববিদ্যালয়ের জামায়াত সমর্থক একজন সহকারী প্রক্টর জড়িত রয়েছেন বলে অভিযোগ উঠেছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, মন্নুজান হলে বহিরাগত আল হিকমা গ্রুপটিকে আল কোরান শিক্ষা কর্মসূচী চালু করার অনুমোদন দেবার জন্য সহকারী প্রক্টর অধ্যাপক মাইনুদ্দীন চিশতী হল কর্তৃপক্ষকে চাপ দেয়। ওই শিক্ষক বহিরাগত গ্রুপ ও ইসলামী ছাত্রী সংস্থাকে হলে প্রতিষ্ঠিত করার ব্যাপারে বিভিন্নভাবে দিক নির্দেশনা দিয়ে আসছেন বলে জানা গেছে। এদিকে হলে কোরান শিক্ষার জন্য একজন মুয়াল্লিমা নিযুক্ত থাকলেও কি কারণে ইসলামী ছাত্রী সংস্থা ও বহিরাগত গ্রুপকে নিয়ে কোরান শিক্ষার আসর বসানো হবে, তা নিয়ে ছাত্রীদের মনে প্রশ্ন জেগেছে। এ ব্যাপারে হলের প্রভোস্ট অধ্যাপক ফাহিমা খাতুনের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, বিষয়টি নিয়ে তিনি উপাচার্য, প্রক্টর ও ছাত্র-উপদেষ্টার সাথে কথা বলেছেন। হলে বহিরাগতদের প্রবেশের ব্যাপারে প্রশ্ন করা হলে তিনি বলেন, এ বিষয়ে প্রচলিত আইন অনুযায়ী সিদ্ধান্ত নেয়া হবে।